



স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এপ্রিল-সেপ্টেম্বর সেমিস্টার ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচার বিভাগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে এপ্রিল-সেপ্টেম্বর সেমিস্টারের স্নাতকোত্তর (মাস্টার্স) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থী অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ০৫ মে ২০২৪ তারিখ হতে ১৯ মে ২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে। উল্লেখ্য যে, জেনেটিভিক্স এন্ড প্লান্ট ব্রিডিং ও প্লান্ট বায়োকেমিস্ট্রি বিষয়ে স্নাতকোত্তর শিক্ষার্থী ভর্তি করা হবে।

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যেকোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) /সমমানের ডিগ্রীধারী হতে হবে।
- ২। প্রার্থীর স্নাতক (সম্মান)/পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার গ্রেডশীট/ মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
 - ২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
 - ৩। ২(দুই) কপি পার্সপোট সাইজের সত্যায়িত ছবি।
 - ৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারিতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
 - ৫। ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি।
 - ৬। ভর্তির আবেদনপত্রের সাথে চয়েস ফরম অবশ্যই দিতে হবে।
 - ৭। আবেদনকারীর আবেদন ফরমে অবশ্যই সুপারভাইজার এর নাম ও স্বাক্ষর থাকতে হবে। অন্যথায় আবেদন ফরমটি অসম্পূর্ণ বলে বিবেচিত হবে।
 - ৮। অত্র বিভাগে ভর্তিচ্ছু অন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের Appeared Certificate গ্রহণযোগ্য নহে।
 - ৯। ভর্তির পর শিক্ষার্থী চাকুরিরত হলে নিয়োগ কর্তার নিকট হতে প্রয়োজনীয় সময়ের জন্য শিক্ষাছুটির আদেশ বিভাগে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
 - ১০। পূর্বে এম. এস. করেছে কিংবা এম. এস. চলমান আছে তারা ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। তবে গবেষণা অথবা শিক্ষকতায় চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে শর্তটি শিথিলযোগ্য।
 - ১১। ডাকযোগে পাঠানো আবেদন গ্রহণযোগ্য ~~হবে~~।
- বিঃ দ্রঃ- অসম্পূর্ণ ও মিথ্যা তথ্য প্রদান করলে আবেদনপত্র ও ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক সকল সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে

ড. মোঃ আতিকুর রহমান জুএফ
চেয়ারম্যান ও আহবায়ক, ভর্তি কমিটি-(২০২৩-২৪)
এগ্রিকালচার বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

অনুলিপি :

- ১। ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
- ৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৭। বিভাগীয় নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।